দৈনিক সংবাদ

তারিখ 04 SEP 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

০৪

বিয়ানীবাজার উচ্চ বিদ্যালয়

# ছাত্রীদের উপবৃত্তির টাকা দিয়ে আবার ফেরত নেয়া হয়েছে

সিলেট, ৩রা সেপ্টেম্বর (জেলা বার্তা পরিবেশক)।– বিয়ানীবাজার বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রীদের সরকারি উপবৃত্তির প্রায় ৩২ হাজার টাকা জোরপূর্বক কেড়ে নিয়েছেন।

গত ২৯শে আগষ্ট ২১৩ জন ছাত্রী জনতা ব্যাংক থেকে মাথাপিছু মাসিক ২৫ টাকা হারে ৬ মাসের উপবৃত্তির টাকা গ্রহণ করার পর বিয়ানীবাজার বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ 'সরকার ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রীদের বেতনের ভর্তুকি বাবদ কোন বরাদ্দ দেয়নি' এ অজুহাতে সব টাকা ঐ দিনই ফেরত নেন।

উপবৃত্তি বাবদ ৬ষ্ঠ শ্রেণীর প্রত্যেক ছাত্রীর জন্যে বরাদ্দ ৪০ টাকা এবং এর থেকে বেতনের ভর্তুকি বাবদ ১৫ টাকা কেটে রেখে ২৫ টাকা করে দেয়া হয়; কিন্তু বিয়ানীবাজার বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ একথাটি গোপন রেখেছিলেন। এখন প্রকাশ হয়ে গেছে। অভিভাবকরা এ ঘটনার প্রতিবাদে একটি সমাবেশ আহ্বান করেছেন।